গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

# কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ সালাহ্উদ্দিন, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ২৭/০৫/২০২৫খ্রিঃ, দুপুরঃ ২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : সকল সদস্যবৃন্দ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের সংশোধিত বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাত হতে রোপা আমন (উফশী জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ, সার ও অন্যান্য অনুদান বিতরণ বাবদ কৃষি পুর্নবাসন সহায়তার ০২টি বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য কক্সবাজার জেলায় রোপা আমন উফশী বীজ, সার ও অন্যান্য অনুদান ব্যয় বাবদ ৭২,৩০,৮০০/- (বাহাত্তর লক্ষ ত্রিশ হাজার আটশত ) টাকার এবং (ছত্রিশ লক্ষ পনের হাজার চারশত) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (কপি সংযুক্ত)। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬০ তারিখঃ ১৪/০৫/২০২৫ খ্রিষ্টাব্দ এবং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৭৫, তারিখঃ ২৬/০৫/২০২৫ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত পত্রদ্বয় পাঠ করে শুনানো হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত নং-১ ঃ কক্সবাজার জেলায় খরিপ মৌসুমে রোপা আমন (উফশী জাত) আবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি পালন সাপেক্ষে উক্ত কৃষি পুনর্বাসন সহায়তা বাস্তবায়নের জন্য উপজেলার আবাদি উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল ঃ রোপা আমন (উফশী জাত) (জিও নং-১৬০ ও ১৭৫ উভয়ের ক্ষেত্রে প্রযোজ্য)

| ক্রঃ নং | উপকরণ/খাত | রোপা আমন (উফশী জাত) (বিঘা প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘা প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ৫ | ৩৪৫ |
| ২ | ডিএপি সার | ১০ | ১৯০ |
| ৩ | এমওপি সার | ১০ | ১৮০ |
| মোট | | ২৫ | ৭১৫ |

খরিপ মৌসুম ঃ উফশী আমন (জিও নং ১৬০)

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ১৭৫০ | ৮৭৫০ | ১৭৫০০ | ১৭৫০০ |
| ২ | পেকুয়া | ৭৫০ | ৩৭৫০ | ৭৫০০ | ৭৫০০ |
| ৩ | রামু | ১১৫০ | ৫৭৫০ | ১১৫০০ | ১১৫০০ |
| ৪ | সদর | ৬৫০ | ৩২৫০ | ৬৫০০ | ৬৫০০ |
| ৫ | উখিয়া | ১২০০ | ৬০০০ | ১২০০০ | ১২০০০ |
| ৬ | টেকনাফ | ১৩০০ | ৬৫০০ | ১৩০০০ | ১৩০০০ |
| ৭ | মহেশখালী | ১০০০ | ৫০০০ | ১০০০০ | ১০০০০ |
| ৮ | কুতুবদিয়া | ৯০০ | ৪৫০০ | ৯০০০ | ৯০০০ |
| ৯ | ঈদগাঁও | ৬০০ | ৩০০০ | ৬০০০ | ৬০০০ |
| | মোট | ৯৩০০ | ৪৬৫০০ | ৯৩০০০ | ৯৩০০০ |

খরিপ মৌসুম ঃ উফশী আমন (জিও নং ১৭৫)

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ৮৭৫ | ৪৩৭৫ | ৮৭৫০ | ৮৭৫০ |
| ২ | পেকুয়া | ৩৭৫ | ১৮৭৫ | ৩৭৫০ | ৩৭৫০ |
| ৩ | রামু | ৫৭৫ | ২৮৭৫ | ৫৭৫০ | ৫৭৫০ |
| ৪ | সদর | ৩২৫ | ১৬২৫ | ৩২৫০ | ৩২৫০ |
| ৫ | উখিয়া | ৬০০ | ৩০০০ | ৬০০০ | ৬০০০ |
| ৬ | টেকনাফ | ৬৫০ | ৩২৫০ | ৬৫০০ | ৬৫০০ |
| ৭ | মহেশখালী | ৫০০ | ২৫০০ | ৫০০০ | ৫০০০ |
| ৮ | কুতুবদিয়া | ৪৫০ | ২২৫০ | ৪৫০০ | ৪৫০০ |
| ৯ | ঈদগাঁও | ৩০০ | ১৫০০ | ৩০০০ | ৩০০০ |
| | মোট | ৪৬৫০ | ২৩২৫০ | ৪৬৫০০ | ৪৬৫০০ |

ফসলঃ রোপা আমন (উফশী জাত), (জিও নং- ১৬০)

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ১৭৫০ | ৬০৩৭৫০ | ৩৩২৫০০ | ৩১৫০০০ | ৬৪৭৫০০ | ৬০০০০ | ৪৩৭৫০ | ১০৩৭৫০ | ১৩৫৫০০০ |
| ২ | পেকুয়া | ৭৫০ | ২৫৮৭৫০ | ১৪২৫০০ | ১৩৫০০০ | ২৭৭৫০০ | ৩০০০০ | ১৮৭৫০ | ৪৮৭৫০ | ৫৮৫০০০ |
| ৩ | রামু | ১১৫০ | ৩৯৬৭৫০ | ২১৮৫০০ | ২০৭০০০ | ৪২৫৫০০ | ৩৮০০০ | ২৮৭৫০ | ৬৬৭৫০ | ৮৮৯০০০ |
| ৪ | সদর | ৬৫০ | ২২৪২৫০ | ১২৩৫০০ | ১১৭০০০ | ২৪০৫০০ | ১৭৮০০ | ১৬২৫০ | ৩৪০৫০ | ৪৯৮৮০০ |
| ৫ | উখিয়া | ১২০০ | ৪১৪০০০ | ২২৮০০০ | ২১৬০০০ | ৪৪৪০০০ | ৪৫০০০ | ৩০০০০ | ৭৫০০০ | ৯৩৩০০০ |
| ৬ | টেকনাফ | ১৩০০ | ৪৪৮৫০০ | ২৪৭০০০ | ২৩৪০০০ | ৪৮১০০০ | ৫৩০০০ | ৩২৫০০ | ৮৫৫০০ | ১০১৫০০০ |
| ৭ | মহেশখালী | ১০০০ | ৩৪৫০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৪৩০০০ | ২৫০০০ | ৬৮০০০ | ৭৮৩০০০ |
| ৮ | কুতুবদিয়া | ৯০০ | ৩১০৫০০ | ১৭১০০০ | ১৬২০০০ | ৩৩৩০০০ | ৪০০০০ | ২২৫০০ | ৬২৫০০ | ৭০৬০০০ |
| ৯ | ঈদগাঁও | ৬০০ | ২০৭০০০ | ১১৪০০০ | ১০৮০০০ | ২২২০০০ | ২২০০০ | ১৫০০০ | ৩৭০০০ | ৪৬৬০০০ |
| মোট | | ৯৩০০ | ৩২০৮৫০০ | ১৭৬৭০০০ | ১৬৭৪০০০ | ৩৪৪১০০০ | ৩৪৮৮০০ | ২৩২৫০০ | ৫৮১৩০০ | ৭২৩০৮০০ |

ফসলঃ রোপা আমন (উফশী জাত), (জিও নং- ১৭৫)

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ৮৭৫ | ৩০১৮৭৫ | ১৬৬২৫০ | ১৫৭৫০০ | ৩২৩৭৫০ | ৩০০০০ | ২১৮৭৫ | ৫১৮৭৫ | ৬৭৭৫০০ |
| ২ | পেকুয়া | ৩৭৫ | ১২৯৩৭৫ | ৭১২৫০ | ৬৭৫০০ | ১৩৮৭৫০ | ১৫০০০ | ৯৩৭৫ | ২৪৩৭৫ | ২৯২৫০০ |
| ৩ | রামু | ৫৭৫ | ১৯৮৩৭৫ | ১০৯২৫০ | ১০৩৫০০ | ২১২৭৫০ | ১৯০০০ | ১৪৩৭৫ | ৩৩৩৭৫ | ৪৪৪৫০০ |
| ৪ | সদর | ৩২৫ | ১১২১৭৫ | ৬১৭৫০ | ৫৮৫০০ | ১২০২৫০ | ৮৮৫০ | ৮১২৫ | ১৬৯৭৫ | ২৪৯৪০০ |
| ৫ | উখিয়া | ৬০০ | ২০৭০০০ | ১১৪০০০ | ১০৮০০০ | ২২২০০০ | ২২৫০০ | ১৫০০০ | ৩৭৫০০ | ৪৬৬৫০০ |
| ৬ | টেকনাফ | ৬৫০ | ২২৪২৫০ | ১২৩৫০০ | ১১৭০০০ | ২৪০৫০০ | ২৬৫০০ | ১৬২৫০ | ৪২৭৫০ | ৫০৭৫০০ |
| ৭ | মহেশখালী | ৫০০ | ১৭২৫০০ | ৯৫০০০ | ৯০০০০ | ১৮৫০০০ | ২১৫০০ | ১২৫০০ | ৩৪০০০ | ৩৯১৫০০ |
| ৮ | কুতুবদিয়া | ৪৫০ | ১৫৫২৫০ | ৮৫৫০০ | ৮১০০০ | ১৬৬৫০০ | ২০০০০ | ১১২৫০ | ৩১২৫০ | ৩৫৩০০০ |
| ৯ | ঈদগাঁও | ৩০০ | ১০৩৫০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১১০০০ | ৭৫০০ | ১৮৫০০ | ২৩৩০০০ |
| মোট | | ৪৬৫০ | ১৬০৪৩০০ | ৮৮৩৫০০ | ৮৩৭০০০ | ১৭২০৫০০ | ১৭৪৩৫০ | ১১৬২৫০ | ২৯০৬০০ | ৩৬১৫৪০০ |

সিদ্ধান্ত নং-২ ঃ এ কর্মসুচিদ্বয়ের আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫(পাঁচ) কেজি উফশী জাতের আউশ ধান বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবে। ০১ জন উপকারভোগী কৃষক/কৃষানীকে কেবলমাত্র ০১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে। অনুমোতিদ তালিকাভুক্ত প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহনকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে

স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

সিদ্ধান্ত নং-৩ ঃ কর্মসূচিদ্বয়ের অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত নং-৪ ঃ সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বীজ, ও সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত নং-৫ ঃ এ কর্মসূচিদ্বয়ের রোপা আমন ধানের উফশী বীজ স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল উফশী আমন ধানের প্রত্যায়িত/মানঘোষিত বীজ (জাত : ব্রিধান-৪৯/ব্রিধান-৫১/ব্রিধান-৫২/ ব্রিধান-৭৫/ ব্রিধান-৮৭/ব্রিধান-৯০/ব্রিধান-৯৩/ব্রিধান-৯৪/ব্রিধান-৯৫/বিনা ধান-১৭/বিনাধান-২০/বিনাধান-২০/বিনাধান-২২/বিনাধান-২৩/ বিনাধান-২৬) বিএডিসি/বিনা হতে (৮০%) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট (২০%) হতে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা স্বাপেক্ষে নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে।

সিদ্ধান্ত নং-৬ ঃ এ কর্মসুচিদ্বয়ের আওতায় বিতরণযোগ্য উফশী রোপা আমন ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্খিত মানের হতে হবে। কোন অবস্থাতেই বীজ ও সার কাঙ্খিত মানের নিচে হতে পারবে না।

সিদ্ধান্ত নং-৭ ঃ ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA`2006 ও PPR`2008** অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

সিদ্ধান্ত নং-৮ ঃ এ কার্যক্রমসমূহ বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে অত্র প্রণোদনা/পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারকে নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত নং-৯ ঃ কৃষি মন্ত্রণালয়ের ১৩/০৫/২০২৫ তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬০ নং স্মারকে জারিকৃত জিও'র আওতায় ইতোপূর্বে প্রণোদনার উপকরণ/অর্থ প্রাপ্ত কৃষক ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৭৫ নং জিও'র আওতা বহিভূর্ত থাকবেন।

সিদ্ধান্ত নং-১০ ঃ কৃষি মন্ত্রণালয়ের ১৩/০৫/২০২৫ তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬০ নং স্মারকে জারিকৃত জিও এবং ২৬/০৫/২০২৫ তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৭৫ নং জিও এর আলোকে প্রদত্ত নির্দেশনার মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। (কপি সংযুক্ত)

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.০৫.২৫

মোহাম্মদ সালাহ্উদ্দিন
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২৪-৬৯৫

তারিখ : ২৯/০৫/২০২৫ খ্রি:

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১-৯। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/ টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।
১০-১৮। উপজেলা কৃষি অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/ টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।
১৯-২০। সিনিয়র সহকারী পরিচালক(বীবি)/ উপসহকারী পরিচালক(সার), বিএডিসি ,কক্সবাজার। ( আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহককে প্রণোদনা/কৃষি পুনর্বাসন কর্মসূচীর প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকষর্ণে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৬। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৭। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৮। উপসহকারী পরিচালক (সার), বিএডিসি, কক্সবাজার ও সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৯। -----------------------------------------------------------স্থানীয় প্রতিনিধি।
১০। অফিস কপি

২৯.০৫.২০২৫

ড. বিমল কুমার প্রামানিক
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।